দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই কার্ত্তিক বুধবার, ১৩৭৫ ইং 30th Oct. 1964 | ২৫শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লি
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**পূজার বাজার এখানেই করুন**
ভারতের সকল প্রান্ত হইতে আমদানী
প্রসাধন ও উপহার সামগ্রী, হোসিয়ারী দ্রব্য, উল,
মাথার ফিতা, খেলার সরঞ্জাম ও সব রকম
প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহক।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৩ই কার্ত্তিক বুধবার সন ১৩৭৫ সাল।

## ॥ ভগিনী নিবেদিতা ॥

—০—

ভগিনী নিবেদিতার শতবর্ষ জন্ম-জয়ন্তী এই বৎসর পালিত হইতেছে। সমগ্র ভারতবর্ষ এই পূত-চরিত্রা বিদেশিনীর প্রতি অন্তরের প্রগাঢ় শ্রদ্ধা নিবেদন করিতেছে। ভারতবর্ষের মত তৎকালীন পরপদানত দেশ ভগিনী নিবেদিতার যে পবিত্র স্পর্শ লাভ করিয়াছিল, তাহা নিতান্ত আকস্মিক হইলেও বীর সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের লোকোত্তর পৌরুষ ও ব্যক্তিত্বের ফলেই সম্ভব হইয়াছিল। বস্তুতঃ স্বামীজীর প্রভাবেই এই মহীয়সী রমণী ভারতের উদ্দেশ্যে আপনাকে উৎসর্গ করিয়াছিলেন।

যে সময়ে ভারতে তাঁহার আগমন, তখন এদেশে এক প্রবল আলোড়ন চলিতেছে। দেশের শিক্ষিত ও বুদ্ধিজীবী সম্প্রদায়ের মধ্যে একটা চেতনা মাথা চাড়া দিয়া উঠিয়াছিল। তাহার একদিকে ছিল পরদেশীর শাসনপাশ হইতে দেশ মুক্ত করার বাসনা ; আর একদিকে ছিল কুসংস্কারজীর্ণ আচারসর্বস্ব নিষ্প্রাণ হিন্দু সমাজকে আঘাত দিয়া নূতন উষা-লোকের দ্বারে লইয়া যাওয়ার চেষ্টা। স্বাধীনতার সংগ্রাম ও দেশের নানা স্তরের উন্নয়ন প্রচেষ্টার এক শুভ মুহূর্তে ভগিনী নিবেদিতা তাঁহার সমস্ত চিন্তা, জ্ঞান, কাজ ও শক্তি নিয়োগ করিয়া একটা সমন্বয় সাধনের প্রয়াস পাইয়াছিলেন। ভারতের স্বাধীনতা ছিল তাঁহার একান্ত কাম্য। তিনি তৎসঙ্গে ছিলেন নবীন ভারতের রূপায়ণের পূজারিনী।

তখনকার দিনে ভারতের শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে পাশ্চাত্ত্য সভ্যতার অন্ধ স্পর্শ স্বামী বিবেকানন্দকে যেভাবে ব্যথাতুর করিয়া তুলিয়াছিল, ভগিনী নিবেদিতার তাহা বুঝিতে বিলম্ব হয় নাই। আর সেইজন্যই ধর্মের এক নূতন সংজ্ঞা তিনি খুঁজিয়া পাইলেন। ব্যক্তিগত সুখ-দুঃখের কথা না ভাবিয়া সকলের সঙ্গে একাত্মতা অনুভব করাই প্রকৃত ধর্ম। এই ধর্ম তিনি তাঁহার জীবন-সাধনার ভিতর দিয়া পরিস্ফুট করিতে চাহিয়াছিলেন। ভারতের হিন্দুধর্ম এক নূতন আহ্বান শুনিতে পাইল। ভগিনী নিবেদিতা চাহিয়াছিলেন ভারতীয় ধর্ম ও সংস্কৃতির সঙ্গে পাশ্চাত্ত্য বিজ্ঞানের সামঞ্জস্য সাধন করিতে। তাহারই মধ্য দিয়া নব্য ভারত জন্মলাভ করিবে—এই ছিল তাঁহার স্বপ্ন।

ভগিনী নিবেদিতা ভারতের জনগণকে 'আওয়ার পিপ্‌ল্' বলিতেন। ভাষাগত ও অন্যবিধ অন্তরায় সত্ত্বেও তিনি এদেশে অজ্ঞ ও দরিদ্র জনগণের সহিত একাত্ম হইয়া গিয়াছিলেন। আমাদের সমাজ ও দৈনন্দিন জীবনের যে সব সমস্যা, তাহার সমাধানে তাঁহার সম্ভাব্য প্রচেষ্টার অন্ত ছিল না। তাঁহার স্কুলের প্রফুল্লমুখী নাম্নী এক বিধবা ছাত্রীকে প্রতি একাদশীতে কিছু খাওয়াইবার জন্য কী আকূতিই না তাঁহার ছিল। এই মাতৃহৃদয়ের জন্য ভগিনী নিবেদিতা 'লোকমাতা'।

ভারত সেবা তাঁহার আধ্যাত্মিক সাধনার একটা অঙ্গ হইয়া গিয়াছিল। তিনি বলিতেন—"আমি বিশ্বাস করি, ভারতের বর্তমান তার অতীতের সঙ্গে দৃঢ়ভাবে সংযুক্ত, আর তার সামনে জাজ্বল্যমান এক গৌরবময় ভবিষ্যৎ।" দেশের স্বাধীনতা সংগ্রামে তাঁহার সহানুভূতির অন্ত ছিল না। তেমনি ভারতের সাবিক জাগরণে ও অগ্রগতিতে তিনি অতন্দ্র প্রহরীর ন্যায় সজাগ থাকিয়া আন্তরিক প্রচেষ্টা চালাইয়াছিলেন। কর্মই ছিল তাঁহার সাধনা। কর্মযোগ ও ভক্তিযোগ নিবেদিতার নিকট এক অপূর্ব মহিমা লাভ করিয়াছিল। তিনি উপলব্ধি করিয়াছিলেন—'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই', তাই ভারতের প্রতি তাঁহার এক অহৈতুকী নিষ্ঠা।

ভারতে যে ব্যাপক কর্মক্ষেত্র তিনি রচনা করিয়াছিলেন ও তাহাতে নিজেকে লিপ্ত রাখিয়াছিলেন, তাহা বিস্ময়কর। এই দেশের উন্নতির জন্য এই বিদেশিনীর অদ্ভুত কর্মব্যস্ততা ছিল। স্বাধীনতার সংগ্রামে জড়াইয়া পড়া ছাড়াও দেশের নারীজাগরণ, সমাজকল্যাণ প্রভৃতি কর্মে তাঁহাকে পাওয়া গিয়াছিল। রামকৃষ্ণ মিশনের সঙ্গে তাঁহার সম্পর্কচ্ছেদ ঘটিলেও সংঘের গুরুভ্রাতাদের সহিত তাঁহার আত্মিক এবং ব্যক্তিগত যোগ বরাবর অক্ষুণ্ণ ছিল। আর ইহারই নেপথ্যে ভগিনী নিবেদিতার বহির্মুখী জীবনচর্যা ও ধর্মসাধনা অব্যাহতভাবে চলিতে থাকে।

কিন্তু সব কিছুর মূলে ছিল তাঁহার গুরুবাক্যকে রূপদান করা। গুরুর নির্দেশেই মার্গারেট নোবেল হইলেন ভগিনী নিবেদিতা। আর সেই সদ্‌গুরুকে শিব প্রত্যক্ষ জানিয়াই তিনি এই দেশের জন্য জীবন দিয়াছিলেন। নিবেদিতা বলিয়াছিলেন—"আজ আমি যদি কিছু করিতে চাহি, তাহার একমাত্র কারণ—আমার পিতার ইচ্ছা তাই।" গুরু বিবেকানন্দকে তিনি 'পিতা' আখ্যা দিয়াছিলেন। এমন সমপিতা প্রাণা কর্মযোগিনী ও ভক্তিনম্রা ভারতহিতৈষিণী সকল কালের ভারতবাসীর পূজ্যা। লোকমাতা প্রব্রাজিকা নিবেদিতার শতবর্ষ জন্মজয়ন্তী উপলক্ষে আমরা তাঁহার প্রতি অন্তরের শ্রদ্ধা নিবেদন করিতেছি।

———

## বি টি পরীক্ষায় সাফল্য

—০—

আমাদের পরিচিত নিম্নে মুদ্রিত শিক্ষক-শিক্ষিকাগণ বি. টি. পরীক্ষায় সফলকাম হইয়াছেন। তাঁহাদের সাফল্যের জন্য আমরা প্রত্যেককে ধন্যবাদ জানাইতেছি।

১। শ্রীবীরেন্দ্রচন্দ্র ভট্টাচার্য, এম-এস-সি, শিক্ষক জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়।

২। শ্রীসুষমা চট্টরাজ, বি-এ, শিক্ষিকা রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়।

৩। শ্রীমণিকা মজুমদার, বি-এস-সি, শিক্ষিকা রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়।

৪। শ্রীনাজির হোসেন, বি-এ, শিক্ষক জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসা।

৫। শ্রীমোসারফ হোসেন, এম-এ, শিক্ষক ধুলিয়ান হাই মাদ্রাসা।

———

## যে তিমিরে সেই তিমিরে

### বিনা আলোতে সাইকেল চালনা

বিগত ২১শে আগষ্ট, ১৯৬৮ তারিখে 'জঙ্গিপুর সংবাদে' "বিনা আলোতে সাইকেল চালনা" শীর্ষক সংবাদ প্রকাশ করায় জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যানকে পত্র দেন। মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ সর্ব্বসাধারণের অবগতির জন্য স্থানীয় সিনেমায় শ্লাইড, হাণ্ডবিল বিলি ও শহরে ঢোল-শোহরৎ করেন। পুলিশ কতকগুলি সাইকেল আরোহীকে ফৌজদারী সোপরদ্দ করায় তাঁহাদের অর্থদণ্ড হইয়াছে।

এখনও প্রত্যহ রাত্রিকালে বিনা আলোতে লোক অবাধে বেপরোয়াভাবে সাইকেল চালনা করিতেছে। পুনরায় উপরোক্ত বিষয়ে আমরা মহকুমা-শাসক মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

### শ্রীশ্রী৺রী শ্যামামায়ের পূজার্চ্চনা

অন্যান্য বৎসরের ন্যায় এবারেও রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহরে নানা স্থানে বারোয়ারী ও গৃহস্থগণের বাটীতে শ্রীশ্রী৺রী শ্যামামায়ের পূজার্চ্চনা নির্ব্বিবাদে সম্পন্ন হইয়াছে।

রঘুনাথগঞ্জ থানা পূজা কমিটীর উদ্যোগে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে ৫ই কার্ত্তিক বিখ্যাত কবি-গায়ক গুমানী দেওয়ান ও দেবেন্দ্রের কবিগান, ৭ই কার্ত্তিক ঝাকসুর আলকাপ ও ৮ই কার্ত্তিক 'সাজাহান' নাট্যাভিনয় হইয়াছে। তিনদিনই গান শুনিবার ও অভিনয় দেখিবার জন্য অসংখ্য নরনারী ও বালকবালিকা সমবেত হইয়াছিলেন।

### রঘুনাথগঞ্জ শহরে চুরি

গত ১১ই কার্ত্তিক সোমবার রাত্রে রঘুনাথগঞ্জ বাজারের বস্ত্র-ব্যবসায়ী শ্রীবামাচরণ প্রামানিক মহাশয়ের বাড়ীতে চুরি হইয়াছে। চোরে সাইকেল, পিতল-কাঁসার বাসন, প্যাণ্ট-জামা, ধুতি শাড়ী কাপড়, জুতা, ধান ও গম লইয়া গিয়াছে। ক্ষতির পরিমাণ প্রায় এক হাজার টাকা বলিয়া প্রকাশ।

### নাটকাভিনয়

গত ২৪শে অক্টোবর মিলনীর প্রযোজনায় এবং শুভাংশু চক্রবর্ত্তীর নির্দেশনায় স্থানীয় বন্ধু-সমিতির নিরীক্ষামঞ্চে সুধাংশু দাশগুপ্ত রচিত 'সোমপুরা থেকে শোনপুর' নাটকখানি মঞ্চস্থ হয়। এই কঠিন নাটকখানি মঞ্চস্থ করার জন্য মিলনীর সদস্যবৃন্দ যে প্রচেষ্টা চালাইয়াছিলেন, তাহাতে তাঁহারা ধন্যবাদার্হ।

### বিচিত্রানুষ্ঠান

গত ২৬শে অক্টোবর শনিবার সন্ধ্যায় যুবক-সঙ্ঘ ব্যায়াম-মন্দির ও পাঠচক্রের উদ্যোগে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে এক বিচিত্রানুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বহিরাগত বেতার শিল্পী শ্রীমতী স্বপ্না চৌধুরী, শ্রীমতী আল্পনা দাস, শ্রীবীরেন্দ্র হাজারী ও শ্রীধীরেন্দ্র হাজারী এবং স্থানীয় শিল্পী শ্রীমতী বাণী সেনগুপ্তা, দীপালী ধর, স্বপ্না চক্রবর্ত্তীর সঙ্গীতে সকলেই মুগ্ধ হয়। এই অনুষ্ঠানে বহু লোকের সমাগম হইয়াছিল।

### রঘুনাথগঞ্জে চাউলের দর

বর্ত্তমানে রঘুনাথগঞ্জ বাজারে পুরাতন চাউল প্রতি কেজি ১.৩৭ হইতে ১.৪০ দরে এবং নূতন চাউল ১.২০ হইতে ১.৩০ পয়সা দরে বিক্রয় হইতেছে। যব ও গমের আটাও পর্য্যাপ্ত পরিমাণে পাওয়া যাইতেছে।

### বিজ্ঞাপন

জঙ্গিপুর আদালতের সন্নিকটে কবিরাজ রোহিণী বাবুর বাড়ীর ও কন্‌ট্রোল অফিসের সম্মুখস্থ রাস্তার পূর্ব্বে, ডাকবাংলোর রাস্তার দক্ষিণ (স্বর্গীয় বসন্ত বাবু ডাক্তারের বাগান) মোট তিন বিঘা মধ্যে দুই বিঘা গৃহ নির্ম্মাণের জন্য ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিক্রয় হইবে। নিম্নে যোগাযোগ করুন।

শ্রীগণেশচন্দ্র চট্টোপাধ্যায়, এ্যাডভোকেট
পোঃ জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

## নোটীশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আমরা নিম্নস্বাক্ষরকারিণী স্বর্গীয় শ্যামাপদ রায় মহাশয়ের সাকিম রাজপুত তেঘরী, মুর্শিদাবাদ, কন্যা হইতেছি। এবং আমরা দান-সূত্রে ও ওয়ারীশ-সূত্রে সাঁওতাল পরগণা, মুর্শিদাবাদ ও মেদিনীপুর জেলার অন্তর্গত যে সমস্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি আমরা পাইয়াছি তদ্‌বাবদ আমাদের কনিষ্ঠ ভ্রাতা শ্রীরমেন্দ্র-নাথ রায় জংগীপুর, সাহেববাজার আমাদিগকে ভুল বুঝাইয়া অন্যায় ও বে-আইনী মতে বলপূর্ব্বক এক আমমোক্তারনামায়, কতকগুলি সাদা কাগজে এবং ডেমি ও ষ্ট্যাম্পের উপর উক্ত আমমোক্তারনামা প্রস্তুত হইবে প্রকাশে অলিখিত অবস্থায় কতকগুলি দস্তখত করাইয়া লইয়াছে। পরে কতকগুলি দলিল এবং আমমোক্তারনামা লিখিয়া তাহা আমাদের দ্বারা Registry করাইয়া লইবার চেষ্টা করে। তৎকালে উক্ত রমেন্দ্রর কু উদ্দেশ্য উপলব্ধি করিয়া আমরা দুইবোন, Registry হওয়ার পূর্ব্বেই সুযোগ বুঝিয়া বাড়ী হইতে পলায়ন করিয়া অন্যত্র আশ্রয় গ্রহণ করি। উক্ত সাদা ও লিখিত কতকগুলি কাগজপত্র, unregistered আমমোক্তারনামা ও Stamp উক্ত রমেন্দ্রর নিকট আছে। ভবিষ্যতে উক্ত অন্যায় ও অবৈধ দস্তখতের সুযোগ লইয়া আমাদের কোনরূপ অনিষ্ট করিতে পারে আশঙ্কায় অত্র নোটীশ দিয়া সর্ব্বসাধারণ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে জানাইয়া দিতেছি যে, যে কেহ, উক্ত রমেন্দ্র সহ আমাদের স্থাবর ও অস্থাবর জমিজমার কোন কার্য্য করিবেন তাহা সম্পূর্ণ নাকচগণ্য হইবে এবং আমরা তৎদ্বারা আদৌ বাধ্য হইব না। উক্তরূপ কোন কার্য্য হওয়া বা করা ভবিষ্যতে প্রকাশ পাইলে তাহা সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গ নিজ দায়িত্বে করিবেন। সতর্কীকরণ মানসে পূর্ব্বেই অত্র নোটীশ দেওয়া হইল। ইতি—
২৬-১০-৬৮

১। সুকৃতি সিংহ রায়, স্বামী শ্রীঅশোককুমার সিংহ রায়। পোঃ গড়বেতা, জেলা মেদিনীপুর।

২। সান্ত্বনা সিংহ, স্বামী শ্রীঅজিতকুমার সিংহ পোঃ মহেশপুর রাজ, জেলা সাঁওতাল পরগণা।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে
ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা,
প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)